



আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

ASHUGANJ POWER STATION COMPANY LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.



স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-১).১৪৬৯

তারিখঃ ২৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

আশুগঞ্জ তাপ বিদ্যুৎ কেন্দ্র উচ্চ বিদ্যালয় এর এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালন প্রকল্পের পরিবর্তিত মেয়াদে (৩০ জুন, ২০২৪ পর্যন্ত) পাঠদান/প্রদর্শনের (কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়ে) জন্য নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে যোগ্য, অভিজ্ঞ ও প্রতিশ্রুতিশীল বাংলাদেশী নাগরিকগণ হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও সর্বসাকুল্যে বেতন	পদ সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা
০১	কম্পিউটার প্রদর্শক সর্বসাকুল্যে মাসিক বেতন: ৫০,১৩৩.০০ টাকা। (কথায়: পঞ্চাশ হাজার একশত তেত্রিশ টাকা।)	০১	কোন স্বীকৃত বোর্ড/ ইনস্টিটিউট হতে কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।

শর্তাবলীঃ

- বয়সসীমা:** ৩১ অক্টোবর ২০২৩ পর্যন্ত বয়স সর্বোচ্চ ৩৫ বছর।
- অভিজ্ঞতা:** মাধ্যমিক পর্যায়ের কোনো স্কুল/ সংযুক্ত প্রতিষ্ঠান হিসাবে স্কুলের ভোকেশনাল শাখা/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/স্বতন্ত্র ভোকেশনাল মাধ্যমিক শাখায় পাঠদান/কম্পিউটার প্রদর্শক হিসেবে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- শিক্ষাগত যোগ্যতা:** কোন পরীক্ষায় ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৫০ অথবা সিজিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.০০।
- চলমান প্রকল্পের (পরিবর্তিত) মেয়াদে চুক্তিভিত্তিক উক্ত পদে নিয়োগপ্রাপ্ত 'কম্পিউটার প্রদর্শক' শুধুমাত্র সর্বসাকুল্যে মাসিক বেতন পাবেন। বোনাস বা অন্য কোন সুবিধা (ভাতা/ফ্রিঞ্জ বেনিফিট) প্রদান করা হবে না।
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ভিন্ন কোন সিদ্ধান্ত গৃহীত না হলে প্রকল্পের মেয়াদোত্তীর্ণের সাথে সাথে এই নিয়োগের পরিসমাপ্তি ঘটবে।
- আগ্রহী প্রার্থীগণকে এপিএসসিএল এর ওয়েবসাইট (www.apscl.gov.bd) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক (কম্পিউটার কম্পোজ করতে হবে) কোন তফসিলী ব্যাংকের যে কোন শাখা হতে "আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ" এর অনুকূলে ৩০০ (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, ০৩ (তিন)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসমূহের সত্যায়িত অনুলিপি, ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ৪.৫ ইঞ্চি x ১১ ইঞ্চি ফেরত খামসহ অবশ্যই আগামী ০৫/১২/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন 'ব্যবস্থাপক (এইচআরএম), এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০২' বরাবর পৌঁছাতে হবে।
- কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/বিদ্যুৎ সেক্টরের প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী এপিএসসিএল এর ওয়েবসাইটে (www.apscl.gov.bd) প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র ও নিয়োগ প্রক্রিয়া বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ এনামুল হক)

ব্যবস্থাপক (এইচআরএম)

যোগাযোগ: email: hrm@apscl.org.bd

CORPORATE OFFICE

Navana Rahim Ardent (Level-8)

185, Shohid Soud Nazim Uddin

ASHUGANJ POWER STATION COMPANY LTD.

Ashuganj, Brahmanbaria-3402

Phone: ৯৯০.০২.৩১৪১১৩০১